



## জনসংযোগ কার্যালয় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১, ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



### প্রেস বিজ্ঞপ্তি (অভিনন্দন বার্তা)

জাবির ৩৪ জন কৃতি খেলোয়াড়ের 'বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি-২০২৩' লাভ ॥ উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৮ নভেম্বর ২০২৩।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৩৪ জন কৃতি খেলোয়াড় 'বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি-২০২৩' লাভ করেছেন। গতকাল বিকেল তিনটায় শহীদ ক্যাপ্টেন শেখ কামাল মিলনায়তনে এ বৃত্তি প্রদান করা হয়। যুব ও ক্রীড়া মন্ত্রণালয় আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি, এমপি প্রধান অতিথি হিসেবে বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তির জন্য মনোনীত প্রত্যেক খেলোয়াড়ের হাতে এককালীন ২৪ হাজার টাকার চেক তুলে দেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনের চেয়ারম্যান মোঃ জাহিদ আহসান রাসেল এমপি।

### উপাচার্যের অভিনন্দন

উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম 'বঙ্গবন্ধু ক্রীড়া শিক্ষা বৃত্তি-২০২৩' লাভকারী জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের খেলোয়াড়দের অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। আজ এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, এই বৃত্তি কৃতি খেলোয়াড়দের আরও ভালো খেলার অনুপ্রেরণা যোগাবে। শিক্ষার্থীদের লেখাপড়ার পাশাপাশি খেলাধুলায় মনোযোগী হওয়ার আহ্বান জানিয়ে তিনি বলেন, নিয়মিত খেলাধুলা ও শরীরচর্চা সুস্থ থাকা এবং সুস্থ জাতি গঠনের জন্য অপরিহার্য।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)

